রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, সেপ্টেম্বর ৬, ২০১৬

[ বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ ]

**পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন**
**প্রধান কার্যালয়, ঢাকা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১ সেপ্টেম্বর ২০১১

**নং পিডিবিএফ/এইচআরএম/২৭২/২০০৭**—পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন কর্মচারী চাকুরী প্রবিধানমালা-৩/২০১১ এর তফসিলের নিম্নলিখিত বিষয়সমূহ সংযোজন/সংশোধন করা হলো:

(ক) পিডিবিএফ চাকুরী প্রবিধানমালা-৩/২০১১ এর তফসিলে বর্ণিত ক্রমিক নং ০১ এ নিম্নলিখিত ভাবে সংযোজিত হবে:

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের বয়স সীমা | নিয়োগ পদ্ধতি | সরাসরি নিয়োগের ক্ষেত্রে প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা এবং অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ০১ | ব্যবস্থাপনা পরিচালক | ------ | সরাসরি নিয়োগের মাধ্যমে | **(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে:** পল্লী উন্নয়ন, আর্থিক ও প্রশাসনিক ব্যবস্থাপনা সম্পর্কে অভিজ্ঞতাসহ দরিদ্র ও অসুবিধাগ্রস্ত ব্যক্তিদের জীবন ও আর্থ-সামাজিক অবস্থা সম্পর্কে জ্ঞান থাকিতে হইবে। এছাড়াও বোর্ড কর্তৃক নির্ধারিত শর্তাধীনে নিযুক্ত হইবে। |

(খ) পিডিবিএফ চাকুরী প্রবিধানমালা-৩/২০১১ এর তফসিলের ক্রমিক নং ০৯ এর (ক) এ 'সরাসরি নিয়োগের মাধ্যমেঃ' এর শিরোনামে বর্ণিত শিক্ষাগত যোগ্যতার ক্ষেত্রে '১) যেকোন বিষয়ে স্নাতকোত্তর বা প্রকৌশলী বা কম্পিউটার বিজ্ঞানে স্নাতক। ২) প্রোগ্রামিং এ গুণগত মানসম্পন্ন পরীক্ষায় অবশ্যই উত্তীর্ণ হতে হইবে' প্রতিস্থাপিত হইবে।

(গ) পিডিবিএফ চাকুরী প্রবিধানমালা-৩/২০১১ এর তফসিলে উল্লিখিত ক্রমিক নং ০১ থেকে ২৭ পর্যন্ত পরিবর্তীত হয়ে নিম্নলিখিত ভাবে সংশোধিত হইবে:

**তফসিল**

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের বয়স সীমা | নিয়োগের পদ্ধতি | সরাসরি নিয়োগের ক্ষেত্রে প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা এবং অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ০১ | ব্যবস্থাপনা পরিচালক | ------ | সরাসরি নিয়োগের মাধ্যমে | **(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে:**<br>পল্লী উন্নয়ন, আর্থিক ও প্রশাসনিক ব্যবস্থাপনা সম্পর্কে অভিজ্ঞতাসহ দরিদ্র ও অসুবিধাগ্রস্ত ব্যক্তিদের জীবন ও আর্থ-সামাজিক অবস্থা সম্পর্কে জ্ঞান থাকিতে হইবে।<br>এছাড়াও বোর্ড কর্তৃক নির্ধারিত শর্তাধীনে নিযুক্ত হইবে। |
| ০২ | পরিচালক<br>(মাঠ পরিচালন/অর্থ/মানব সম্পদ ও উন্নয়ন) | ------ | বিভাগীয় প্রার্থীদের মধ্য হইতে অভ্যন্তরীণ প্রতিযোগিতার মাধ্যমে অথবা পদোন্নতির মাধ্যমে | **অভ্যন্তরীণ প্রতিযোগিতার মাধ্যমে:**<br>সরকার কর্তৃক স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হইতে কমপক্ষে ২য় শ্রেণির স্নাতকোত্তর/ সমমান ডিগ্রিসহ নিম্ন বা তদনিম্ন পদে ৩ বছরের অভিজ্ঞতাসহ কমপক্ষে ১০ বছরের কাজের অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>**পদোন্নতির মাধ্যমে:**<br>ফিডার পদ বা পদসমূহে ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকিতে হইবে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ০৩ | অতিরিক্ত পরিচালক (মাঠ পরিচালন/ অর্থ/হিসাব/মানব সম্পদ উন্নয়ন/মানব সম্পদ ব্যবস্থাপনা/ তথ্য প্রযুক্তি/যোগাযোগ/অডিট/ক্রয় ও সহায়ক সেবা/নীতি ও পরিকল্পনা/ পরিধারণ ও মূল্যায়ন) | ------ | বিভাগীয় প্রার্থীদের মধ্য হইতে অভ্যন্তরীণ প্রতিযোগিতার মাধ্যমে অথবা পদোন্নতির মাধ্যমে | **অভ্যন্তরীণ প্রতিযোগিতার মাধ্যমেঃ** সরকার কর্তৃক স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হইতে কমপক্ষে ২য় শ্রেণির স্নাতকোত্তর/ সমমান ডিগ্রিসহ নিম্ন বা তদনিম্ন পদে ৩ বছরের অভিজ্ঞতাসহ কমপক্ষে ১০ বছরের কাজের অভিজ্ঞতা থাকিতে হইবে। **পদোন্নতির মাধ্যমেঃ** ফিডার পদ বা পদসমূহে ০৩ (তিন) বছরের অভিজ্ঞতা |
| ০৪ | যুগ্ম পরিচালক (মাঠ পরিচালন/ অর্থ/হিসাব/মানব সম্পদ উন্নয়ন/মানব সম্পদ ব্যবস্থাপনা/ তথ্য প্রযুক্তি/যোগাযোগ/অডিট/ক্রয় ও সহায়ক সেবা/নীতি ও পরিকল্পনা/ পরিধারণ ও মূল্যায়ন) | ------ | বিভাগীয় প্রার্থীদের মধ্য হইতে অভ্যন্তরীণ প্রতিযোগিতার মাধ্যমে অথবা পদোন্নতির মাধ্যমে | **অভ্যন্তরীণ প্রতিযোগিতার মাধ্যমেঃ** সরকার কর্তৃক স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হইতে কমপক্ষে ২য় শ্রেণির স্নাতকোত্তর/ সমমান ডিগ্রিসহ নিম্ন বা তদনিম্ন পদে ৩ বছরের অভিজ্ঞতাসহ কমপক্ষে ১০ বছরের কাজের অভিজ্ঞতা থাকিতে হইবে। **পদোন্নতির মাধ্যমেঃ** ফিডার পদ বা পদসমূহে ০৩ (তিন) বছরের অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ০৫ | উপ-পরিচালক (মাঠ পরিচালন/ অর্থ/হিসাব/মানব সম্পদ উন্নয়ন/মানব সম্পদ ব্যবস্থাপনা/তথ্য প্রযুক্তি/যোগাযোগ/অডিট/ক্রয় ও সহায়ক সেবা/নীতি ও পরিকল্পনা/ পরিধারণ ও মূল্যায়ণ/প্রশিক্ষণ) | ------ | ১০০% পদোন্নতির মাধ্যমে | **পদোন্নতির মাধ্যমেঃ** ফিডার পদ বা পদসমূহে ৩ (তিন) বছরের চাকুরীর অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ০৬ | এক্সিকিউটিভ সেক্রেটারি (শুধুমাত্র মহিলা) | ৩০ বছর | ৭৫% পদোন্নতির মাধ্যমে এবং ২৫% সরাসরি নিয়োগের মাধ্যমে। | **(ক) পদোন্নতির মাধ্যমেঃ** ফিডার পদ বা পদসমূহে ৩ (তিন) বছরের চাকুরীর অভিজ্ঞতা থাকিতে হইবে। **(খ) সরাসরি নিয়োগের মাধ্যমেঃ** সরকার কর্তৃক স্বীকৃত কোন |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| | | | | বিশ্ববিদ্যালয় হইতে ২য় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রি, সদালাপী, ইংরেজিতে কথা বলতে সক্ষম এবং অফিস ব্যবস্থাপনায় ৫ বছরের চাকুরীর অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ০৭ | ঊর্ধ্বতন দারিদ্র্য বিমোচন কর্মকর্তা/ ঊর্ধ্বতন সহকারী পরিচালক | | ১০০% পদোন্নতির মাধ্যমে | **পদোন্নতির মাধ্যমেঃ** ফিডার পদ বা পদসমূহে ৩ (তিন) বছরের চাকুরীর অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ০৮ | উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা/সহকারী পরিচালক/ ঊর্ধ্বতন হিসাব কর্মকর্তা | ৩০ বছর | ৫০% পদোন্নতির মাধ্যমে এবং ৫০% সরাসরি নিয়োগের মাধ্যমে | **(ক) পদোন্নতির মাধ্যমেঃ** ফিডার পদ বা পদসমূহে ৩ (তিন) বছরের চাকুরীর অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>**(খ) সরাসরি নিয়োগের মাধ্যমেঃ** সরকার কর্তৃক স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হইতে কমপক্ষে ২য় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রি। |
| ০৯ | সহকারী পরিচালক (প্রশিক্ষণ) | | ২৫% পদোন্নতির মাধ্যমে এবং ৭৫% সরাসরি নিয়োগের মাধ্যমে | **(ক) পদোন্নতির মাধ্যমেঃ** ফিডার পদ বা পদসমূহে ৩ (তিন) বছরের চাকুরীর অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>**(খ) সরাসরি নিয়োগের মাধ্যমেঃ** সরকার কর্তৃক স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় অথবা কলেজ হইতে কৃষি/মৎস্য/পশুপালন/ সামাজিক বিজ্ঞান এ কমপক্ষে ২য় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রীসহ সংশ্লিষ্ট কাজে ৩ বছরের চাকুরীর অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ১০ | সহকারী প্রোগ্রামার | ৩০ বছর | ৭৫% সরাসরি নিয়োগ এবং ২৫% পদোন্নতির মাধ্যমে | **(ক) সরাসরি নিয়োগের মাধ্যমেঃ**<br>(১) যেকোন বিষয়ে স্নাতকোত্তর বা প্রকৌশলী বা কম্পিউটার বিজ্ঞানে স্নাতক।<br>(২) প্রোগ্রামিং এ গুণগত |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| | | | | মান সম্পন্ন পরীক্ষায় অবশ্যই উত্তীর্ণ হতে হবে।<br>**(খ) পদোন্নতির মাধ্যমেঃ**<br>ফিডার পদ বা পদসমূহে ৩ (তিন) বছরের চাকুরীর অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ১১ | সহকারী এনালিষ্ট | ৩০ বছর | ৭৫% সরাসরি নিয়োগ এবং ২৫% পদোন্নতির মাধ্যমে | **(ক) সরাসরি নিয়োগের মাধ্যমেঃ**<br>সরকার কর্তৃক স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হইতে হিসাব বিজ্ঞান/ফাইনান্স/ব্যাংকিং-এ কমপক্ষে ২য় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রি অথবা সিত্র/সিএমএ/ এমবিএ সনদসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে কোন জাতীয় অথবা আন্তর্জাতিক প্রতিষ্ঠানে ৩ বছরের চাকুরীর অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>**(খ) পদোন্নতির মাধ্যমেঃ**<br>ফিডার পদ বা পদসমূহে ৩ (তিন) বছরের চাকুরীর অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ১২ | সহকারী দারিদ্র্য বিমোচন কর্মকর্তা (ক্ষুদ্র ঋণ/স্মল এন্টারপ্রাইজ ঋণ/উপ-সহকারী পরিচালক/ হিসাব কর্মকর্তা/অডিট অফিসার/ আইটি অফিসার/ প্রশিক্ষণ কর্মকর্তা (সামাজিক উন্নয়ন) | | ১০০% পদোন্নতির মাধ্যমে | **(ক) পদোন্নতির মাধ্যমেঃ**<br>ফিডার পদ বা পদসমূহে ৩ (তিন) বছরের চাকুরীর অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ১৩ | অডিও ভিজুয়াল অফিসার | ৩০ বছর | ৭৫% সরাসরি নিয়োগ এবং ২৫% পদোন্নতির মাধ্যমে | **(ক) সরাসরি নিয়োগের মাধ্যমেঃ**<br>সরকার কর্তৃক স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হইতে কমপক্ষে ২য় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রিসহ সংশ্লিষ্ট বিষয়ে ডিপ্লোমা কোর্সসহ ৩ বছরের চাকুরীর অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>**(খ) পদোন্নতির মাধ্যমেঃ**<br>ফিডার পদ বা পদসমূহে ৩ (তিন) বছরের চাকুরীর অভিজ্ঞতা থাকিতে হইবে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ১৪ | উর্ধ্বতন মাঠ কর্মকর্তা/প্রশাসনিক কর্মকর্তা | ------ | ১০০% পদোন্নতির মাধ্যমে | **(ক) পদোন্নতির মাধ্যমেঃ** ফিডার পদ বা পদসমূহে ৩ (তিন) বছরের চাকুরীর অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ১৫ | সহকারী হিসাব কর্মকর্তা | ৩০ বছর | ৭৫% সরাসরি নিয়োগের মাধ্যমে এবং ২৫% মাঠ কর্মকর্তাদের মধ্য থেকে পদোন্নতির মাধ্যমে। | **(ক) সরাসরি নিয়োগের মাধ্যমেঃ** সকল পরীক্ষায় ২য় বিভাগসহ কোন শিক্ষা বোর্ড কর্তৃক স্বীকৃত কোন কলেজ/ বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্যে স্নাতক ডিগ্রি। **(খ) পদোন্নতির মাধ্যমেঃ** ফিডার পদ বা পদসমূহে ৩ (তিন) বছরের চাকুরীর অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ১৬ | ডাটা এন্ট্রি অফিসার | ৩০ বছর | ৭৫% সরাসরি নিয়োগের মাধ্যমে এবং ২৫% পদোন্নতির মাধ্যমে | **(ক) সরাসরি নিয়োগের মাধ্যমেঃ** সকল পরীক্ষায় ২য় বিভাগসহ স্বীকৃত কোন কলেজ/ বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক পাসসহ সরকার স্বীকৃত কোন প্রতিষ্ঠান থেকে কম্পিউটারে ডিপ্লোমা ডিগ্রি। **(খ) পদোন্নতির মাধ্যমেঃ** ফিডার পদ বা পদসমূহে ৩ (তিন) বছরের চাকুরীর অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ১৭ | মাঠ কর্মকর্তা/ষ্টোর কিপার | ----- | ১০০% পদোন্নতির মাধ্যমে | **(ক) পদোন্নতির মাধ্যমেঃ** ফিডার পদ বা পদসমূহে ৩ (তিন) বছরের চাকুরীর অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ১৮ | অফিস সহকারী | ৩০ বছর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | **(ক) সরাসরি নিয়োগের মাধ্যমেঃ** সকল পরীক্ষায় ২য় বিভাগসহ কোন শিক্ষা বোর্ড কর্তৃক স্বীকৃত কোন কলেজ/ বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক পাস এবং বাংলা ও ইংরেজি টাইপিংয়ে যথাক্রমে ৩০ ও ৪০ গতি থাকিতে হইবে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ১৯ | অডিও ভিজুয়াল অপারেটর | ৩০ বছর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | **(ক) সরাসরি নিয়োগের মাধ্যমেঃ** সকল পরীক্ষায় ২য় বিভাগসহ কোন শিক্ষা বোর্ড কর্তৃক স্বীকৃত কোন কলেজ/ বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক পাসসহ সংশ্লিষ্ট বিষয়ে ৩ (তিন) বছরের অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ২০ | ডাটা এন্ট্রি অপারেটর | ৩০ বছর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | **(ক) সরাসরি নিয়োগের মাধ্যমেঃ** সকল পরীক্ষায় ২য় বিভাগসহ স্বীকৃত কোন কলেজ/ বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক পাসসহ সরকার স্বীকৃত কোন প্রতিষ্ঠান থেকে কম্পিউটারে এম এস ওয়ার্ড, এক্সেলসহ ডাটা এন্ট্রির কাজে অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ২১ | মাঠ সংগঠক | ৩০ বছর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | সকল পরীক্ষায় ২য় বিভাগসহ কোন শিক্ষা বোর্ড কর্তৃক স্বীকৃত কোন কলেজ/ বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক পাস হইতে হইবে। |
| ২২ | সহকারী স্টোর কিপার | ৩০ বছর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | সকল পরীক্ষায় ২য় বিভাগসহ কোন শিক্ষা বোর্ড কর্তৃক স্বীকৃত কোন কলেজ/বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক পাসসহ সংশ্লিষ্ট বিষয়ে ০২ বছরের অভিজ্ঞতা। |
| ২৩ | টেলিফোন অপারেটর | ৩০ বছর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | সকল পরীক্ষায় ২য় বিভাগসহ কোন শিক্ষা বোর্ড কর্তৃক স্বীকৃত কোন কলেজ হইতে উচ্চ মাধ্যমিক পাসসহ সংশ্লিষ্ট বিষয়ে ০২ বছরের অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ২৪ | সিনিয়র ড্রাইভার | ৩০ বছর | ১০০% পদোন্নতির মাধ্যমে | **পদোন্নতির মাধ্যমেঃ** ফিডার পদ বা পদসমূহে ৩ (তিন) বছরের চাকুরীর অভিজ্ঞতা থাকিতে হইবে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ২৫ | ইলেকট্রিশিয়ান | ৩০ বছর | বিভাগীয় প্রার্থীদের মধ্য হইতে অভ্যন্তরীণ প্রতিযোগিতার মাধ্যমে অথবা সরাসরি নিয়োগের মাধ্যমে। | **(ক) সরাসরি নিয়োগের মাধ্যমেঃ** বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক স্বীকৃত কোন ভকেশনাল স্কুল হইতে ট্রেড কোর্স পাস হইতে হইবে। **(খ) অভ্যন্তরীণ প্রতিযোগিতার মাধ্যমেঃ** বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক স্বীকৃত কোন ভকেশনাল স্কুল হইতে ট্রেড কোর্স পাসসহ কমপক্ষে ৫ (পাঁচ) বছরের কাজের অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ২৬ | ড্রাইভার | ৩০ বছর | আউটসোর্সিং/সরাসরি নিয়োগের মাধ্যমে। | ৮ম শ্রেণি/জেএসসি পাস, গাড়ী চালানোর বৈধ লাইসেন্সধারী হইতে হইবে এবং অন্ততঃ ৫ বছরের কাজের অভিজ্ঞতা। |
| ২৭ | বার্তাবাহক | ৩০ বছর | আউটসোর্সিং/সরাসরি নিয়োগের মাধ্যমে। | ৮ম শ্রেণি/জেএসসি পাস ও সু-স্বাস্থ্যের অধিকারী হইতে হইবে। |
| ২৮ | গার্ড/মালী/কুক/ঝাড়ুদার | ৩০ বছর | আউটসোর্সিং/সরাসরি নিয়োগের মাধ্যমে। | ৮ম শ্রেণি/জেএসসি পাস ও সু-স্বাস্থ্যের অধিকারী হইতে হইবে। |

* পদোন্নতি ও অভ্যন্তরীণ প্রতিযোগিতার মাধ্যমে নিয়োগের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা ও কর্মদক্ষতার মাপকাঠি ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত হইবে।

বোর্ডের অনুমোদনক্রমে

**মোঃ মাহবুবুর রহমান**
ব্যবস্থাপনা পরিচালক।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। www.bgpress.gov.bd